



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 18 নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসারের গ্র্যাজুয়েশন ঘোষণা করলেন

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ পরিবেশ সংরক্ষণ বিভাগের আইন শৃঙ্খলা রক্ষাকারী বিভাগের র‍্যাঙ্কে যোগ দিচ্ছে

পরিবেশ সংরক্ষণ অফিসারদের নিউ ইয়র্কবাসীকে রক্ষা করা, পরিবেশ সংক্রান্ত অপরাধ তদন্ত করা, এবং মাছ ও বন্যপ্রাণী রক্ষা করার দায়িত্ব অর্পণ করা হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসারদের (Environmental Conservation Police Officers, ECO) 23তম বেসিক স্কুল থেকে 18 জন নতুন গ্র্যাজুয়েট হয়েছে। পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) আইন শৃঙ্খলা রক্ষাকারী বিভাগের (Division of Law Enforcement) অংশ হিসেবে, অফিসারগণ স্টেটব্যাপী বিভিন্ন সম্প্রদায়ে মাছ ও বন্যপ্রাণী রক্ষা করতে এবং নিউ ইয়র্কজুড়ে পরিবেশের গুণমান সংরক্ষণ করতে কাজ করবে। সিরাকিউজের নিউ ইয়র্ক স্টেট ফেয়ারগ্রাউন্ডসের (New York State Fairgrounds) এম্পায়ার এক্সপো সেন্টারে (Empire Expo Center) আয়োজিত অনুষ্ঠানটি গ্র্যাজুয়েটদের উদযাপন করে যারা শ্রেণীকক্ষে এবং মাঠ পর্যায়ে ছয় মাসের আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং প্রাকৃতিক সংস্থান প্রশিক্ষণ শেষ করেছে।

"নিউ ইয়র্কের প্রাকৃতিক সংস্থানসমূহ রক্ষা করা এবং যারা এর শোষণ করতে চায় তাদেরকে দায়বদ্ধ করা অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "আমি নতুন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানাচ্ছি তাদের পরিশ্রমের জন্য যা তারা করেছে অন্য শত শত নিবেদিত পরিবেশ সংরক্ষণ অফিসারদের র‍্যাঙ্কে যোগ দিতে, যারা স্টেটব্যাপী আমাদের ভূমিতে ও পানিতে টহল দিচ্ছে এবং আমি তাদের দীর্ঘ, নিরাপদ ও সন্তোষজনক ক্যারিয়ারের জন্য শুভকামনা জানাচ্ছি।"

গত ছয় মাস ধরে, পরিবেশ সংরক্ষণ পুলিশ কর্মকর্তার জন্য নিয়োগপ্রাপ্তরা ওসওয়োগো কাউন্টির পুলস্কির একাডেমিতে 1,000 ঘণ্টার বেশি প্রশিক্ষণ সম্পূর্ণ করেছে, যা বেশ কয়েক বছর ধরে এইসব প্রশিক্ষণের বাড়ি হিসেবে কাজ করেছে। প্রথম সপ্তাহগুলির মনোযোগী ছিলো মূলত প্রাথমিক পুলিশ দক্ষতার উপর যেমন শারীরিক প্রশিক্ষণ, ড্রিল এবং অনুষ্ঠান, এবং কম্পিউটার শিক্ষা, এছাড়াও নিয়োগপ্রাপ্তরা আরো নিবিড় প্রশিক্ষণ লাভ করেছে যেমন আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ, জরুরি যান চালনা, রাসায়নিক বর্জ্য ফেলা, পোচার সনাক্ত করা এবং আরো অন্য অনেক দক্ষতা।

যে 20 জন নিয়োগপ্রাপ্ত এটি শুরু করেছে তাদের মধ্যে থেকে 18 জন প্রশিক্ষণ শেষ হওয়া পর্যন্ত টিকে ছিলো এবং তারা DEC-র ECO ফোর্সে মোট 305 জন শপথ গ্রহণ করা অফিসারদের সাথে যোগ দিবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "আমাদের নতুন এই ECO ক্লাস কঠিন প্রশিক্ষণ পার করে তাদের সহকর্মী অফিসারদের সাথে পুরো স্টেটজুড়ে বিভিন্ন সম্প্রদায়ে এই কঠিন কিন্তু ফলপ্রসূ আইন শৃঙ্খলা রক্ষাকারী চাকরিতে যোগ দিবে। আমি এই নতুন অফিসারদের এবং তাদের সহকর্মীদের সাথে কাজ করে দূষণকারী, অবৈধ ময়লা ফেলা, পোচার প্রতিরোধ করতে এবং জনস্বাস্থ্য রক্ষা করতে এবং নিউ ইয়র্কের প্রাকৃতিক সংস্থানের প্রতি জনগণের কদর বৃদ্ধি করার জন্য সম্প্রদায়সমূহকে জড়িত করা অব্যাহত রক্ষা করতে পেরে সম্মানিত।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের আইন শৃঙ্খলা রক্ষাকারী বিভাগের পরিচালক ক্যারেন প্রিজাইক্লেক বলেন, "এই ছয় মাসের প্রশিক্ষণ আমাদের নিয়োগপ্রাপ্তদের সাধারণ আইন শৃঙ্খলা রক্ষা এবং পরিবেশ আইন উভয়ের মামলার ক্ষেত্রের বৈচিত্র্যময় কাজের সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত করেছে। প্রতি দিন আমাদের অফিসারগণ বহুসংখ্যক মামলায় কাজ করে, পরিচ্ছন্ন বায়ু ও পানি প্রবিধান প্রয়োগ থেকেই শুরু করে মাছ ও বন্যপ্রাণী আইন সমর্থন করা, এবং বৃহৎ আকারের পরিবেশ সংক্রান্ত অপরাধের তদন্ত করা পর্যন্ত, এই সবকিছুই করা হয় নিউ ইয়র্কবাসীদের পরিবেশ দূষণ ও শোষণ থেকে রক্ষা করার জন্য। আমি আত্মবিশ্বাসী যে আমাদের নতুন অফিসারগণ পরিবেশ সংরক্ষণের সমৃদ্ধ ঐতিহ্য বজায় রাখতে পারবে।"

পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার পদটি, যা বিগত কয়েক দশক ধরে বিবর্তিত হয়ে বিভিন্ন নাম ধারণ করেছে, হলো নিউ ইয়র্ক স্টেটের সবথেকে পুরনো স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারী চাকরি। শুরুতে গেম প্রোটেক্টর (Game Protectors) নাম থাকা এই পদটিতে [প্রথম দায়িত্ব দেওয়া হয় 1880 সালে এবং 140 বছরের বেশি সময় পরেও বিভাগটির গর্বের ইতিহাস অব্যাহত রয়েছে।](#) শুধু গত বছরেই ECO এবং তদন্তকারীরা 26,000-র বেশি আহ্বানে সাড়া দিয়েছে এবং এমন সব মামলায় কাজ করেছে যার থেকে প্রায় 11,600 টিকেট বা গ্রেফতার হয়েছে, হরিণ পোচিং থেকে শুরু করে কঠিন বর্জ্য ফেলা, অবৈধ খনির কাজ, কালোবাজারে পোষা প্রাণীর লেনদেন, এবং অতিরিক্ত নিঃসরণ লঙ্ঘনের মতো ব্যাপক ব্যাপ্তির লঙ্ঘনের জন্য। ECO-দের ব্যাপারে আরো জানতে, <https://www.dec.ny.gov/regulations/2437.html> এ যান। গ্র্যাজুয়েশনের পর, নিয়োগপ্রাপ্তদেরকে নয়টি DEC অঞ্চলের যেকোনো একটিতে টহল এলাকায় নিযুক্ত করা হয়।

পরিবেশ সংরক্ষণ বিভাগের ECO-দের 23তম বেসিক স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়াদের নাম নিচে দেওয়া হলো:

টাইলার অ্যাবলসন, কর্টল্যান্ড ম্যানর
মাইকেল ব্রটন, স্ট্যাটেন আইল্যান্ড
বেঞ্জামিন ক্লিঞ্জার, র্যাল্ডলফ
টিমোথি ডে, বিংহ্যামটন

লরা ডেভিটো, শার্লি
কাইল ফার্নার, গোয়াল্ডা
ক্যাসি জিয়ারাটানা, ফ্লোরাল পার্ক
ক্রিস্টোফার গুনান, সিরাকিউজ
ডেরেক হিল্টন, হ্যানিবল
ফ্র্যাঙ্ক কিগান, ট্রয়
জোয়ান কোরি, পাইন বুশ
অ্যাবিগেইল কর্টজ, ট্রয়
জাস্টিন ম্যাঘি, হ্যাম্পটন বেজ
জাস্টিন র্যাপল্ড, অ্যালবানি
ব্র্যাডলি স্মিথ, প্লেইনভিউ
ব্র্যান্ডন সোয়ার্ট, ক্যাজেনোভিয়া
নিকোলাস ভ্যানডেনবস, ওয়ারউইক
এমিলিও জুলিও, সোমার্স

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418